# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৯. মযী

## بَابٌ فِي الْمَذْيِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ سَعِيدِ بْنِ عُبَيْدِ بْنِ السَّبَّاقِ عَنْ أَبِيهِ عَنْ سَهْلِ بْنِ حُنَيْفٍ قَالَ كُنْتُ أَلْقَى مِنْ الْمَذْيِ شِدَّةً فَكُنْتُ أُكْثِرُ الْغُسْلَ مِنْهُ فَذَكَرْتُ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَأَلْتُهُ عَنْهُ فَقَالَ إِنَّمَا يُجْزِئُكَ مِنْ ذَلِكَ الْوُضُوءُ قَالَ قُلْتُ فَكَيْفَ بِمَا يُصِيبُ ثَوْبِي مِنْهُ قَالَ خُذْ كَفًّا مِنْ مَاءٍ فَانْضَحْهُ حَيْثُ تَرَى أَنَّهُ أَصَابَهُ

إسناده صحيح

বাংলা

৭৪৬. সাহল ইবনু হুনাইফ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমার প্রচুর পরিমাণে ’মযী’ বের হতো। ফলে এর জন্য আমাকে অনেক বার গোসল করতে হতো। ফলে আমি এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট বর্ণনা করলাম এবং এ ব্যাপারে তাঁকে জিজ্ঞেস করলাম। তখন তিনি বললেন: “এর ফলে তোমার জন্য ওযু করাই যথেষ্ট।” তিনি বলেন, আমি বললাম, আর আমার কাপড়ে এ থেকে যা লেগে যায়, সেই ব্যাপারে কী করবো? তিনি বললেন: “এক কোষ পানি নাও, আর তুমি কাপড়ের যেখানে তা লেগে থাকতে দেখো, সেখানে ছিটিয়ে দাও।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/৯১ নং ২৯১; আবু দাউদ ২১০; তিরমিযী ১১৫; ইবনু মাজাহ ৫০৬; সহীহ ইবনু খুযাইমা ২৯১; আমরা এর তাহক্বীক্ব ও এর উপর টীকা দিয়েছি মাওয়ারিদুয যাম’আন নং ২৪০; এবং সহীহ ইবনু হিব্বান নং ১১০৪।

আলী রা: হতে বর্ণিত সহীহ হাদীস এর শাহিদ হিসেবে বর্ণিত হয়েছে, যার পূর্ণ তাখরীজ আমরা সহীহ ইবনু হিব্বান ১১০২, ১১০৪; এবং মাওয়ারিদুয যাম’আন নং ২৪১, ২৪২,২৪৩ এ দিয়েছি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল ইবনু হুনাইফ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76122

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন